# প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

২৬: কোনো ব্যক্তি যদি বিশ্বাস করে, সমস্ত পৃথিবী চার কুতুব বা চারটি মূল শক্তি দ্বারা নিয়ন্ত্রিত হয়, তাহলে আমরা তার ব্যাপারে কি বলতে পারি?

কোনো ব্যক্তি যদি এই ধরনের বিশ্বাস পোষণ করে, তাহলে সকল আলেমের ঐকমত্যের ভিত্তিতে সে কাফের। কেননা সে এই ভ্রান্ত আক্বীদা পোষণের মাধ্যমে মূলতঃ আল্লাহ্‌র নিম্নোক্ত বাণীকে অস্বীকার করেঃ

﴿وَمَا لَهُمۡ فِيهِمَا مِن شِرۡكٖ وَمَا لَهُۥ مِنۡهُم مِّن ظَهِيرٖ ٢٢﴾ [سبا: ٢٢]

“এতে তাদের কোন অংশও নেই এবং তাদের কেউ আল্লাহ্‌র সহযোগীও নয়” (সাবা ২২)। উপরন্তু সে বিশ্ব-জগত পরিচালনার ক্ষেত্রে আল্লাহ্‌র উপর অপারগতার অপবাদ দেয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1511

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন